# চট্টগ্রামের পাহাড়ে ঝুঁকিপূর্ণ বসবাসকারীদের সরাতে অভিযান

b bangla.bdnews24.com/ctg/article2078383.bdnews

চট্টগ্রাম ব্যুরো, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 19 Jun 2022 04:16 PM BdST Updated: 19 Jun 2022 07:46 PM BdST




চট্টগ্রামে বিরামহীন বৃষ্টিতে পাহাড় ধসে মৃত্যুর ঘটনায় পাহাড়ি এলাকা ঘিরে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারীদের সরিয়ে নিতে উচ্ছেদ অভিযান চালাচ্ছে জেলা প্রশাসন।

জেলা প্রশাসনের তিন নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে রোববার বেলা ১১টা থেকে নগরীর আকবর শাহ থানাধীন এক নম্বর ঝিল পাড় এলাকায় অভিযান শুরু হয়।

বিকাল পর্যন্ত ঝিলপাড় এলাকায় ঝুঁকিপূর্ণভাবে বসবাসরত মোট ১৮০টি স্থাপনা উচ্ছেদ করা হয়। চট্টগ্রাম সিটি করপোরেশনের দুইজন নির্বাহী ম্যাজিস্ট্রেটও অভিযানে উপস্থিত ছিলেন।



চট্টগ্রাম জেলা প্রশাসনের এনডিসি মো. তৌহিদুল ইসলাম বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, “সকাল থেকেই উচ্ছেদ অভিযান চলছে। ঝিলপাড় এলাকায় পাহাড়ে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারীদের উচ্ছেদ করা হচ্ছে।“

টানা বৃষ্টিতে নগরীর আকবর শাহ থানার এক নম্বর ঝিল এবং বিজয় নগর এলাকায় শুক্রবার গভীর রাতে পাহাড় ধসে দুই ভাই এবং দুই বোনের মৃত্যু হয়। ওই দুর্ঘটনায় আহত আরও দুজন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছেন।



ঝিলপাড় ও বিজয়নগর এলাকায় পাহাড়ের পাদদেশে কিছু আধাপাকা ঘর অবৈধভাবে তৈরি করে ভাড়া দেওয়া হয়েছিল। ধসের কবলে পড়া ঘরগুলো পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণ অবস্থায় ছিল।

চট্টগ্রাম জেলা প্রশাসনের পক্ষে নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. ওমর ফারুক, মো. মাসুদ রানা ও আল আমিন সরকার এবং সিটি করপোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মনীষ মহাজন ও মারুফা বেগম অভিযানে অংশ নিচ্ছেন।



অভিযানে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করাসহ দখলমুক্ত এলাকা কাঁটাতার দিয়ে ঘিরে দিয়ে সেখানে বৃক্ষরোপণ করা হবে বলে জানান এনডিসি মো. তৌহিদুল ইসলাম।
তিনি জানান, চট্টগ্রামের অন্যান্য অঞ্চলেও পাহাড়ে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারীদের সরে যেতে বলা হচ্ছে মাইকিং করে। জেলা প্রশাসনের উচ্ছেদ অভিযানও চলমান থাকবে।

চট্টগ্রামের জেলা প্রশাসক মো. মমিনুর রহমানও দুপুরে উচ্ছেদ কার্যক্রম পরিদর্শন করেন।